# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

স্মারক নম্বর- রাশিবো/উমা/পনি-**৩৫৫** তারিখ : ০৫ জুলাই ২০২৫

**বিষয় : পরীক্ষার হলে স্বাস্থ্যবিধি কার্যকরভাবে মেনে চলা সংক্রান্ত পুন:সতর্কীকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সারাদেশে করোনা ভাইরাস এবং ডেঙ্গু রোগের সংক্রমণ হারের উর্ধ্বগতি বিবেচনায় পরীক্ষা কেন্দ্রে নিম্নবর্ণিত নির্দেশনা মেনে চলতে হবে;

- কেন্দ্রে প্রবেশের সময় পরীক্ষার্থীসহ পরীক্ষা সংশ্লিষ্ট সকলের মাস্ক পরিধান বাধ্যতামূলক।
- পরীক্ষা কেন্দ্রের প্রবেশ পথে হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে।
- ডেঙ্গু বিস্তার রোধে কেন্দ্রের অভ্যন্তরে এবং আশেপাশে পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- পরীক্ষা শুরুর পূর্বে কেন্দ্রের অভ্যন্তরে মশক নিধন ঔষধ স্প্রে করতে হবে। এ বিষয়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতা গ্রহণ করতে হবে।
- পরীক্ষা কক্ষের আসন বিন্যাস বোর্ডের নিদের্শনা অনুযায়ী পরিপালন করতে হবে।
- প্রতিটি পরীক্ষা কেন্দ্রের মেডিকেল টিমকে সক্রিয় রাখতে হবে। এ বিষয়ে সিভিল সার্জন/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।
- জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ এবং পরীক্ষা কেন্দ্রের সামনে অভিভাবকদের জটলা নিরুৎসাহিত করার প্রচারণা চালাতে হবে।
- এমতাবস্থায় শিক্ষক-পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে এইচএসসি পরীক্ষা ২০২৫ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

০৫/৭/২৫

**প্রফেসর মো. আরিফুল ইসলাম**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**ভারপ্রাপ্ত কর্মকর্তা**
রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র- ২০২৫

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
২. উপজেলা নির্বাহী কর্মকর্তা, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৩. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৫. Website Copy
৬. অফিস নথি

D:\Confidensial_Section\Letter_107